কালের কণ্ঠ

তারিখ 21 OCT 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

# বাকৃবি ভর্তি পরীক্ষার আগেই বাদ অর্ধেক আবেদনকারী

**বাকৃবি প্রতিনিধি ▷**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকা অনুযায়ী এবার ১২ হাজার ২১২ জন আবেদনকারী পরীক্ষায় অংশ নিতে পারবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ না থাকায় বাকি প্রায় ১৩ হাজার আবেদনকারী 'অযোগ্য' বিবেচিত হয়েছে।

এ বছর বাকৃবিতে ভর্তি পরীক্ষায় আবেদন করার যোগ্যতা ছিল, বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ ৯ (চতুর্থ বিষয় ছাড়া) থাকতে হবে।

আবেদনের ফি ছিল ৭০০ টাকা। এবার আবেদন পড়ে ২৫ হাজারের বেশি। আসন সংখ্যা এক হাজার ২০০। প্রতিবারের মতো এবারও আসন সংখ্যার ১০ গুণ শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার সুযোগ দেওয়া হয়েছে। এ ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি মিলিয়ে (চতুর্থ বিষয় বাদে) ন্যূনতম ৯.৬৭ জিপিএ পাওয়া শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছে।

আবেদনকারী সব শিক্ষার্থীকে ভর্তির সুযোগ দেওয়া কিংবা বাদ পড়া শিক্ষার্থীদের টাকা ফেরত দেওয়ার দাবি বাকৃবিতে দীর্ঘদিনের। এবারও একই দাবি উঠেছে সামাজিক যোগাযোগ মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের একাধিক ছাত্র সংগঠনের পক্ষ থেকে।

তবে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবরের যুক্তি, 'সবাই জানে, বাকৃবির ভর্তি পরীক্ষা স্বচ্ছ। আমরা সব সময় এ ধারা বজায় রাখতে চাই। আর সবাইকে ভর্তি পরীক্ষা দেওয়ানোর মতো আসনও নেই। আমরা নিজেরাও চাই না, অন্য কোথাও পরীক্ষা হোক। তখন কোনো অনিয়ম হলে আমাদেরই দায় নিতে হবে। এসব বিষয় মাথায় রেখেই আমরা ১২ হাজার শিক্ষার্থীকে পরীক্ষার সুযোগ দিয়েছি।'